



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ  
নগর ভবন ১৪-১৫তলা (পূর্ব ব্লক)  
৫, ফনিক্স রোড, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০  
ওয়েবসাইট : www.dtca.gov.bd



স্মারক নং-৩৫.০২.০০০০.০০৩.৭৭.০০৩.২০২০-১৮৮

তারিখ: ৩০/১১/২০২১ খ্রি:

## ঘাটারচর-কাঁচপুর পাইলট রুটে বাস পরিচালনায় অংশগ্রহণের বিজ্ঞপ্তি

ঢাকা মহানগরীতে গণপরিবহনে শৃঙ্খলা আনয়ন এবং যানজট নিরসনে Bus Route Rationalization ও কোম্পানীর মাধ্যমে বাস পরিচালনা সংক্রান্ত কমিটি আগামী ২৬/১২/২০২১ খ্রিষ্টাব্দ তারিখ হতে ঘাটারচর-মোহাম্মদপুর হতে গুলিস্তান-মতিঝিল হয়ে সাইনবোর্ড-কাঁচপুর ব্রীজ পর্যন্ত রুটে বাস রুট ফ্র্যাঞ্চাইজ পাইলটিং চালু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত রুটে কম/বেশি ১০০ টি মানসম্পন্ন নন-এসি বাসকে বিবেচনা করা হবে। উল্লিখিত বাস সার্ভিস পরিচালনার জন্য আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান এর নিকট হতে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

### ২। শর্তাবলীঃ

- নির্ধারিত আবেদনপত্রে আবেদন করতে হবে। একাধিক ব্যক্তি/প্রতিষ্ঠান একত্রে আবেদন করতে পারবেন।
- বাস রুট রেশনালাইজেশন কমিটি কর্তৃক নির্ধারিত একটি জয়েন্ট ভেন্চার এগ্রিমেন্ট (JVA) সম্পাদনে এবং বাস রুট পাইলটিং নীতিমালা অনুসরণে বাস পরিচালনায় সম্মত থাকতে হবে। জয়েন্ট ভেন্চার এগ্রিমেন্ট (JVA), পাইলটিং নীতিমালা এবং আবেদনপত্র ডিটিসিএ'র ওয়েবসাইট (www.dtca.gov.bd)-এ পাওয়া যাবে।
- ই-টিকেটিং এর মাধ্যমে যাত্রীভাড়া আদায় করতে হবে। সরকার নির্ধারিত ভাড়ার চেয়ে অতিরিক্ত ভাড়া নেয়া যাবে না।
- আবেদনে বাসের সংখ্যা উল্লেখ করতে হবে। অনিবন্ধিত বাস ও রুট পারমিটবিহীন বাস যোগ্য বিবেচিত হলে তাদেরকে উক্ত রুটে পারমিট প্রদানসহ নিবন্ধনের ব্যবস্থা নেয়া হবে। তবে, ০১/০১/২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের পূর্বে নির্মিত কোনো বাস গ্রহণযোগ্য হবে না। নিবন্ধিত বাসের ফিটনেস সনদ থাকতে হবে। বিবেচিত হলে ৩ দিনের নোটিশে চুক্তি সম্পন্ন করে বাস পরিচালনার বিষয়ে সম্মত থাকতে হবে। বাসের মালিকানা/স্বত্ব প্রমাণের জন্য উপযুক্ত কাগজ পত্রাদি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- লাইসেন্সধারী চালক ও হেলপার নিয়োগ দিতে হবে।
- আবেদনপত্র আগামী ১২/১২/২০২১ খ্রিষ্টাব্দ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, দক্ষিণ নগর ভবন, ১৩তলা, ৫, ফনিক্স রোড, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০-এ দাখিল করতে হবে।

৩। আবেদনপত্রের বিষয়ে এবং বাসের সংখ্যা নির্ধারণে বাস রুট রেশনালাইজেশন কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। কমিটি যে কোনো আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

নির্বাহী পরিচালক  
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ  
ও  
সদস্য-সচিব  
বাস রুট রেশনালাইজেশন কমিটি

ঢাকায় নিরাপদ বাস ভ্রমণ  
বাস রুট রেশনালাইজেশন

মুজিব বর্ষের এই পণ  
সুশৃঙ্খল হবে গণপরিবহন